দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 JAN 1995 ...
পৃষ্ঠা 1 কলাম 4

হরতাল অবরোধ ও শিক্ষকদের অবহেলা

# ঢাকা বোর্ডের ২ হাজার ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষা দিতে পারবে না

**স্টাফ রিপোর্টার** ॥ হরতাল-অবরোধ ও শিক্ষকদের অবহেলার কারণে ঢাকা বোর্ডের প্রায় দু'হাজার ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারছে না। এসব ছাত্রছাত্রীর ফরম এখনও বোর্ড কর্তৃপক্ষ গ্রহণ করেনি। যার ফলে উদ্বিগ্ন হয়ে পড়ছেন সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক, অভিভাবক ও পরীক্ষার্থীরা। এ খবর নির্ভরযোগ্য সূত্রের।

সূত্র জানায়, গত ২২ জানুয়ারি ছিল ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার্থীদের জরিমানাসহ ফরম জমা দেয়ার শেষ দিন। কিন্তু বিরোধী দল ও পাটকল শ্রমিকদের অবরোধ কর্মসূচীর কারণে মফস্বলের শিক্ষকরা বোর্ড অফিসে নির্ধারিত সময়ে পৌছাতে পারেননি। এর আগে পনেরো তারিখ পর্যন্ত ছিল জরিমানা ছাড়া ফরম জমা দেয়ার শেষ তারিখ। সূত্র আরও জানায়, পনেরো থেকে আঠারো জানুয়ারি পর্যন্ত রাজনৈতিক কর্মসূচী না থাকলেও ঐসব স্কুলের শিক্ষকরা ঢাকায় আসেননি বা ফরম জমা

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢাকা বোর্ডের

(প্রথম পাতার পর)

দেননি। শেষ দিনের অপেক্ষায় থাকতে থাকতে অবশেষে তাঁরা অবরোধ কর্মসূচীর আওতায় পড়েন।

সূত্র আরও জানায়, গত ২২ জানুয়ারির পর প্রায় ৪০টি স্কুলের শিক্ষকরা ফরম জমা দেয়ার জন্য বোর্ড অফিসে ধরনা দিচ্ছেন। বিভিন্ন আবেদন-নিবেদন করেও কোন সুফল পাচ্ছেন না। যার ফলে অনিশ্চিত হয়ে পড়ছে প্রায় দু'হাজার ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষা।